

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৩৬

আগরতলা, ১০ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

এনআইটি আগরতলায় চার বছরের বিএসসি-বিএড কোর্স চালু করা হয়েছে : মুখ্যমন্ত্রী
বর্তমানে রাজ্যে ৭টি ডিস্ট্রিক্ট ইনস্টিটিউট অব এডুকেশন এন্ড ট্রেনিং (ডায়েট)
কলেজ রয়েছে। উত্তর ত্রিপুরা জেলার পানিসাগরে আরও একটি ডায়েট কলেজের নির্মাণ
প্রক্রিয়ার কাজ চলছে এবং আরও শিক্ষক নিয়োগের পরিকল্পনা নেওয়া হয়েছে। আজ রাজ্য
বিধানসভায় বিধায়ক রামু দাস ও বিধায়ক বিন্দু দেবনাথের এক প্রশ্নের উত্তরে শিক্ষা তথা
মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই তথ্য জানিয়েছেন। মুখ্যমন্ত্রী জানান, ২০২৩-২৪
অর্থবর্ষে অর্থ দপ্তর ডায়েটের ৮টি লেকচারার পদ পূরণের অনুমোদন দিয়েছে এবং সেই
অনুসারে পদগুলি পূরণের পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি জানান, বর্তমানে রাজ্যে যে ৭টি
ডায়েট রয়েছে এর মধ্যে ৪টিতে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশনের
(ডিইআইইডি) কোর্স চালু রয়েছে এবং ৪টি কলেজে সর্বমোট ৪৮০টি সিট রয়েছে। এর মধ্যে
২০২৩-২৪ শিক্ষাবর্ষে ডায়েট আগরতলায় ২০০ জন, ডায়েট কাকড়াবনে ১৮০ জন, ডায়েট
কমলপুরে ৫০ জন এবং ডায়েট কৈলাসহরে ৫০ জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছে। অবশিষ্ট ৩টি
ডায়েট জেলাভিত্তিক শিক্ষক শিক্ষণ প্রশিক্ষণের বিভিন্ন প্রকল্প রূপায়ণের কাজে ব্যবহৃত হচ্ছে।

মুখ্যমন্ত্রী জানান, নতুন ডায়েটে ডিইআইইডি কোর্স শুরু করার জন্য নেশন্যাল
কাউন্সিল অব টিচার এডুকেশন (এনসিটিই)র অনুমোদন প্রয়োজন হয়। একটি বিজ্ঞপ্তি মূলে
এনসিটিই গত ২০২১-২৩ শিক্ষাবর্ষে ডিইআইইডি কোর্স শুরু করার জন্য আবেদন করার
অনুমোদন দেয়নি। পরবর্তীকালে এনসিটিই-র অনুমোদন পেলে নতুন ডায়েটগুলিতে অবশ্যই
ডিইআইইডি কোর্স শুরু করা হবে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা জানান, এনসিটিই
বর্তমানে ইন্টিগ্রেটেড টিচার এডুকেশন প্রোগ্রাম (আইটিইপি)র কোর্স চালু করেছে। রাজ্যে
পাইলট প্রকল্প হিসাবে এনআইটি আগরতলায় এই বছর থেকে চার বছরের বিএসসি-বিএড
কোর্স চালু করা হয়েছে। আশা করা যাচ্ছে আগামী শিক্ষাবর্ষ থেকে আরও কয়েকটি কলেজে
আইটিইপি কোর্সের জন্য অনুমোদন পাওয়া যাবে। মুখ্যমন্ত্রী জানান, সিপাহীজলা জেলার ধনপুর
বিধানসভার অন্তর্গত বাঁশপুকুর এলাকায় একটি নতুন ডায়েট চালু হয়েছে।
